রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শুক্রবার, এপ্রিল ১৮, ১৯৭৫

## বাণিজ্য ও বৈদেশিক বাণিজ্য মন্ত্রণালয়

### বৈদেশিক বাণিজ্য বিভাগ

### নোটিফিকেশন

ঢাকা, ১৮ই এপ্রিল ১৯৭৫।

নম্বর এস, আর, ও ১৩৫-এল/৭৫—১৯৫৯ সালের চা অর্ডিন্যান্স যাহা ১৯৬০ সালের চা (সংশোধনী) অর্ডিন্যান্স, ১৯৬২ সালের চা (সংশোধনী) অর্ডিন্যান্স, ১৯৬৫ সালের চা (সংশোধনী) অর্ডিন্যান্স (১৯৬৫-এর ১৪), ১৯৬৫ সালের চা (সংশোধনী) অর্ডিন্যান্স (১৯৬৫-এর ৩৯) এবং ১৯৭২-এর চা সংশোধনী আদেশ অনুসারে সংশোধিত তাহার ২৯ নম্বর আর্টিকেলে প্রদত্ত ক্ষমতানুসারে ১০ই এপ্রিল ১৯৭৫ জারীকৃত নোটিফিকেশন নম্বর ১২৬-এল/৭৫-এ সরকার নিম্নলিখিত সংশোধনী প্রণয়ন করিতেছেনঃ

উক্ত নোটিফিকেশনে ২য় রুলের (খ) ধারায় "চা বোর্ডে উন্নয়ন ও গবেষণার দায়িত্বে নিযুক্ত ডাইরেক্টর পদাধিকার বলে সদস্য" এর স্থলে "চা বোর্ডে উন্নয়ন ও গবেষণার দায়িত্বে নিযুক্ত সদস্য" হইবে।

রাষ্ট্রপতির আদেশানুসারে

ও, ইসলাম
উপ-সচিব।

---

## প্রধান নিয়ন্ত্রক, আমদানী ও রপ্তানীর দপ্তর

### আমদানী বাণিজ্য নিয়ন্ত্রণ

### গণবিজ্ঞপ্তি নং ২৯(৭৫)/আমদানী

ঢাকা, ১৪ই এপ্রিল ১৯৭৫।

এতদ্বারা সংশ্লিষ্ট হ্যাণ্ডলুম শিল্প প্রতিষ্ঠানগুলির অবগতির জন্য জানান হইতেছে যে, অত্র অফিসের ৭ই ফেব্রুয়ারী ১৯৭৫ তারিখের ১০(৭৫) নং গণবিজ্ঞপ্তি মারফত (ফ্রেশ গ্রান্ট) ১৯৭৩-৭৪ সালের বরাদ্দ হইতে ডাইজ ও ক্যামিকেল কাঁচামাল হিসাবে আমদানীর জন্য স্ব স্ব লাইসেন্সিং অফিসে লাইসেন্স ফরম জমা দেওয়ার শেষ তারিখ ৩১শে মার্চ ১৯৭৫ হইতে ৩০শে এপ্রিল ১৯৭৫ তারিখ পর্যন্ত বর্দ্ধিত করা হইল। সেই অনুসারে ঋণপত্র খোলার শেষ তারিখও ৩০শে জুন ১৯৭৫ তারিখ পর্যন্ত বর্দ্ধিত করা হইল, তবে মাল শিপমেন্টের শেষ তারিখ ৩০শে নভেম্বর ১৯৭৫ পর্যন্তই থাকিবে।

এ, এইচ, এম, নুরুল আলম
সহকারী নিয়ন্ত্রক।



মূল্য : ১২ পয়সা

## বাংলাদেশ নির্বাচন কমিশন

ফরম ড

[ ৪৩ নিয়ম দ্রষ্টব্য ]

চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/মেম্বার পদে নির্বাচিত প্রার্থীগণের তালিকা

জিলা—রংপুর, মহকুমা—সদর, থানা—বদরগঞ্জ

| ইউনিয়নের নাম। | ওয়ার্ড নম্বর। | নির্বাচিত প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা। | যে পদে নির্বাচিত হইয়াছেন। | মন্তব্য। |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| গয়ার | ৩ নং ওয়ার্ড | আ: আজিজ মণ্ডল, পিতা হাজী কুমরউদ্দিন, সাং কাজীপাড়া। | সদস্য। | |

স্থান—নির্বাচন অফিস, রংপুর সদর,
তারিখ—২৯-৩-১৯৭৫।

মো: ইসহাক আলী
রিটানিং অফিসার।

---

জিলা—বাখরগঞ্জ, মহকুমা—সদর (দক্ষিণ) বরিশাল, থানা—কোতোয়ালি

| | | | | |
|---|---|---|---|---|
| চরবাড়িয়া | ১ নং ওয়ার্ড | শাহজাহান হাং, পিতা আছমতালী হাং, সাং বাটনা, পো: চরবাড়িয়া। | মেম্বার। | |

স্থান—নিবাচন অফিস, সদর দক্ষিন, বরিশাল,
তারিখ—৭-৪-১৯৭৫।

মো: শাহজাহান
রিটানিং অফিসার।

---

জিলা—পটুয়াখালী, মহকুমা—পটুয়াখালী, থানা—বাউফল

| | | | | |
|---|---|---|---|---|
| নাজিরপুর-তাতেরকাটি | ২ নং ওয়ার্ড | আলী আকবর মৃধা, পিতা সোনাব আলী মৃধা, সাং ধনদী, পো: বাউফল। | মেম্বার। | |

স্থান—পটুয়াখালী,
তারিখ—১২-৪-১৯৭৫।

হাবিব আহম্মদ।
রিটানিং অফিসার

---

জিলা—রাঙ্গামাটি, থানা—বরকল

| | | | | |
|---|---|---|---|---|
| বরকল | ২ নং ওয়ার্ড | সুশীল জীবন কারবারী, পিতা হরকিশোর কারবারী, কুকুটছড়িপাড়া, সাং ২২ কুকুটি-ছড়া, পো: সুবলং। | মেম্বার। | |

স্থান—রাঙ্গামাটি,
তারিখ—৯-৪-১৯৭৫।

জি, রব্বানী
রিটানিং অফিসার।

স্পেশাল অফিসার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
এসিস্ট্যান্ট কন্ট্রোলার-ইন-চার্জ, বাংলাদেশ ফরমস্ এণ্ড পাবলিকেশনস্ অফিস, ঢাকা, কর্তৃক প্রকাশিত।